গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০২১.০১.০০৫.২৬- ২৫১১ তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

বিষয়: কারা এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারাগার একটি স্পর্শকাতর প্রতিষ্ঠান হওয়ায় বিভিন্ন সময় বিভিন্ন কারাগার নাশকতামূলক হামলার কেন্দ্র হিসেবে বিবেচিত হয়। এছাড়াও ইদানিং বিভিন্ন কারাগার হতে বন্দি পলায়নের ঘটনা ঘটছে যা দূরীকরণে দৃঢ় পদক্ষেপ নেয়া প্রয়োজন। এ প্রেক্ষাপটে কারাগারের সার্বিক নিরাপত্তা জোরদার, অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি প্রতিরোধ এবং কারা এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

১) সন্ধ্যা ৬ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত সকল কারাগারের আরপি গেইটের মেইন গেইট তালাবব্ধ থাকবে এবং আরপি গেইটের চাবি রিজার্ভ প্রধানের কাছে থাকবে। তবে কারা কর্মকর্তা-কর্মচারীদের গমনাগমনের সুবিধার জন্য পকেট গেইট খোলা থাকবে। বিশেষ জরুরী প্রয়োজন যেমন: হাসপাতালে যাওয়া আসার জন্য গাড়ী প্রবেশ/বন্দি আনা নেওয়ার জন্য প্রিজনভ্যান ইত্যাদি প্রয়োজনে বড় গেইট খোলা যাবে; তবে অন্যান্য প্রশাসনিক বিষয়ের ক্ষেত্রে সিনিয়র জেল সুপার/জেল সুপারের অনুমতি নিতে হবে;

২) রাত ১০ টার পর পকেট গেইট তালাবব্ধ থাকবে এবং পকেট গেইটের চাবি আরপি ডিউটির কাছে থাকবে। শুধুমাত্র ডিউটির জন্য কারা কর্মচারীরা আসা-যাওয়া করতে পারবে। জেল কোড অনুযায়ী জেলার/জেল সুপারের পাশ ব্যতীত কেউ রাত ১০ টার পর পকেট গেইট দিয়ে আসা যাওয়া নিষেধ করা হলো। ব্যতয়ে পরের দিন সকালে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য জেলারকে অবগত করতে হবে;

৩) কারা এলাকায় অবস্থিত বাসায় নিকট আত্মীয় অর্থাৎ বাবা-মা, ভাই-বোন, শ্বশুর-শাশুড়ি অবস্থান করতে পারবে। তবে দূরবর্তী সম্পর্কের কেউ আসলে সম্পর্ক, আগমনের কারণ, কতদিন থাকবে উল্লেখপূর্বক রিজার্ভ গার্ডে রেজিস্ট্রার ভুক্ত করতে হবে এবং সিনিয়র জেল সুপার/ জেল সুপারকে প্রতি সপ্তাহে রিপোর্ট উপস্থাপন করতে হবে। সন্দেহভাজন কাউকে প্রবেশের অনুমতি দেওয়া যাবেনা;

৪) কারারক্ষী/গার্ডিং স্টাফ (ডুয়েট/মহিলা কারারক্ষী) ব্যারাকের সদস্য ব্যতীত অন্য কেউ কারারক্ষী ব্যারাকে থাকতে পারবে না। ব্যারাকে থাকা গার্ডিংস্টাফ শুধুমাত্র নিকট আত্মীয়ের ক্ষেত্রে রাখার প্রয়োজন হলে পৃথক গেস্ট রুমে জেল সুপার/জেলারের অনুমতি পূর্বক রাখার ব্যবস্থা করতে হবে;

৫) **'কারা এলাকায় প্রবেশ সীমিত'** উল্লিখিত নোটিশ আরপি গেইটে ঝুলিয়ে রাখতে হবে এছাড়া কারা কর্মকর্তা/কর্মচারী, কারাগার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও বন্দি সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্যান্যদের প্রবেশ নিরুৎসাহিত করা হলো;

৬) আরপি গেইটে তল্লাশির ক্ষেত্রে আর্চওয়ে মেটাল ডিটেক্টর, হ্যান্ডহেল্ড মেটাল ডিটেক্টর, ভেহিকেল মিরর ব্যবহার করতে হবে। উল্লিখিত যন্ত্র না থাকলে কারা সদর দপ্তরের আইসিটি শাখায় প্রয়োজনীয় চাহিদা প্রেরণ করতে হবে;

৭) কারা এলাকা ওয়াকিটকি নেটওয়ার্কের আওতায় আনতে হবে। আরপি গেইটের সাথে সিনিয়র জেল সুপার/জেল সুপার এর সার্বক্ষনিক ওয়াকিটকি সংযোগ থাকতে হবে।

(স্বাক্ষর) ০২/০৮/২৬
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
☏-৫৭৩০০২২২ (দপ্তর)

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার/জেলা কারাগার।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ (মনিটরিং এর জন্য)/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক এর সদয় অবগতির জন্য।